স্বভজন-বিভজন-প্রয়োজনাবতারী শ্রীশ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর
পঞ্চশত বর্ষ পূর্ত্তি মহাজয়ন্তী উৎসবের অর্ঘ —

শ্রীশ্রীশ্যামানন্দ-শতকম্

জয় গুরু শ্যামানন্দ জয় গৌরহরি।
জয় রাধে শ্যাম জয় কনক-মঞ্জরী॥

শ্রীশ্রীশ্যামানন্দ-শিষ্যপ্রবর কবিকুল-মুকুটমণি
শ্রীঅনিরুদ্ধাবতার শ্রীচৈতন্যাত্মা—
শ্রীশ্রীরসিকানন্দ মুরারি-বিরচিতম্

গৌড়ীয়-বেদান্তাচার্য্য-শ্রীগোবিন্দভাষ্যকার-
শ্রীমদ্‌বলদেব-বিদ্যাভূষণকৃতা টিপ্পনী-সহিতম্

শ্রীগৌরাব্দ—৫০০

মেদিনীপুর মণ্ডলান্তর্গত শ্রীপাটগোপীবল্লভ পুরস্থ
শ্রীশ্রীশ্যামানন্দ গাদীশ্বর
মহান্ত ১০৮ শ্রীশ্রীগোপালগোবিন্দানন্দ দেবগোস্বামি-কর্ত্তৃক প্রকাশিত।

[আনুকূল্য—৫.০০

গজপতিরনুকম্পা-সম্পদা যস্য সদ্যঃ
সমজনি নিরবদ্যঃ সান্দ্রমানন্দমৃচ্ছন্।
নিবসতু মম তস্মিন্ কৃষ্ণচৈতন্য-রূপে
মতিরতি-মধুরিম্না দীপ্যমানে মুরারৌ ॥

—শ্রীবলদেব বিদ্যাভূষণ

যাঁহার কৃপাসম্পত্তি দ্বারা উৎকলরাজ গজপতি প্রতাপরুদ্র নিবিড় আনন্দস্বরূপ প্রেমলাভ করিয়া সদ্য রাজ-অভিমান ত্যাগ পূর্বক নির্মলচিত্ত হইয়াছিলেন, অতিশয় মাধুর্য্য ও তেজোমণ্ডিত সেই শ্রীকৃষ্ণচৈতন্যরূপ শ্রীহরিতে আমার চিত্ত-ভ্রমর বাস করুক। ১॥

যাঁহার অনুগ্রহে বন্য মত্তগজরাজ শ্রীনামামৃত পান করিয়া সদ্য পশুভাব ত্যাগপূর্বক নির্মল চিত্ত শ্রীগোপাল দাস নাম প্রাপ্ত হইয়াছিলেন। অতিশয় মাধুর্য্য ও তেজঃসম্পন্ন এবং শ্রীকৃষ্ণচৈতন্যকে পরমেশ্বর স্বয়ং ভগবান রূপে নিরূপণকারী সেই আমার ঊর্দ্ধতন চতুর্থ গুরুজন শ্রীরসিকানন্দ মুরারির শ্রীচরণ কমলে আমার চিত্ত-ভ্রমর বাস করুক। ২॥

অবতরণিকা

[লুপ্তপ্রায় ৬৪ খানি "শ্রীশ্রীগৌড়ীয় গৌরব গ্রন্থগুচ্ছ" ও 'শ্রীশ্রীগৌড়ীয় বৈষ্ণব অভিধান' প্রকাশক।

বৈষ্ণবাচার্য্য শ্রীমৎ হরিদাস দাস মহারাজ লিখিত।]

"শ্রীশ্রীমন্ মহাপ্রভুর পরে যাঁহারা গৌড়ীয় বৈষ্ণব-ধর্মের সুপ্রচার ও সংরক্ষণ করিয়াছেন—তাঁহাদের অগ্রণী শ্রীশ্রীনিবাস আচার্যপ্রভু, শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় এবং শ্রীশ্রীশ্যামানন্দ প্রভুকেই বলিতে হয়। ভক্তিরত্নাকরে এবং অন্যান্য গ্রন্থে ইঁহাদের ইতিবৃত্ত বিস্তারিত ভাবে আলোচিত হইয়াছে।

শ্রীমৎ রসিকানন্দ প্রভু কিন্তু যেভাবে শ্রীশ্রীশ্যামানন্দ প্রভুকে দেখিয়াছেন, আস্বাদন এবং অনুভব করিয়াছেন—তাহা সম্পূর্ণ অপূর্ব ও পৃথক্। তিনি স্বীয় শ্রীগুরুদেবকে যে ভাবে জগতের সমক্ষে উপস্থাপিত করিয়াছেন—তাহাই গৌড়ীয় বৈষ্ণব সমাজের হার্দ বস্তু। শ্রীগুরুদেব তত্ত্বতঃ শ্রীকৃষ্ণাভিন্ন হইয়াও লীলায় যে শ্রীকৃষ্ণ-প্রেষ্ঠ, তাহা পূর্বাচার্য্যগণ ইঙ্গিত করিলেও ইতঃপূর্বে তাহা কেহ বিশ্লেষণ করিয়া দেখান নাই। আলোচ্য গ্রন্থে ইনি স্বীয় ইষ্টদেবকে শ্রীকৃষ্ণের মর্মবিজ্ঞা সেবাপরায়ণা সখীরূপে অতি স্ফুটতরভাবে দেখাইয়াছেন।

প্রথমতঃ গ্রন্থকার শ্রীশ্যামানন্দের নিখিল কল্যাণময় গুণগরিমরাজির যথেষ্ট পরিবেশন করিয়া (১-২৪) তিনিই যে সর্বসেব্য তাহার বিবৃতি দিয়াছেন। তৎপরে ২৫) তাঁহাকে শৃঙ্গাররসময়বিগ্রহধারী, শ্রীরাধার ভাবহাবাদির অনুভবী, গোপীজনবল্লভের কামকলা-বিস্তারক এবং নিরবধি ভাবকদম্বে উজ্জ্বলীকৃত বলিয়া বর্ণনা করিয়াছেন। (২৭-৫৪) শ্রীমন্নন্দনন্দনের নিত্যপ্রেয়সীরূপ পরিকরই যে তৎকর্তৃক আদিষ্ট হইয়া জন-গণের উদ্ধারকল্পে

শ্যামানন্দস্বরূপে অবতীর্ণ হইয়াছেন— ইহাই বিশেষ ভাবে আলোচিত ও আস্বাদিত হইয়াছে। প্রসঙ্গক্রমে ইহার সখীদেহের বিস্তারিত বর্ণনা, প্রচুরতর সেবাসৌষ্ঠব এবং রাসলাস্যাদি পুঙ্খানুপুঙ্খরূপে বর্ণিত হইয়াছে। (৫২-৬৪) শ্রীবৃন্দাবনের সৌন্দর্য্যমাধুর্য্যময় প্রতিবস্তুর মহামহিমা মুক্তকণ্ঠে গাহিয়া গাহিয়া গ্রন্থকার (৬৫-৭৭) শ্রীবৃন্দাবন-চন্দ্রমার মাধুর্য্যভাবে ভজনোপদেশ করাইয়া শ্যামানন্দের শ্রীচরণেই শ্রীকৃষ্ণ-রতি ভিক্ষা করিতেছেন।

অনন্তর (৭৮-৯৩ গ্রন্থকার শ্রীশ্যামানন্দের ধ্যানাবস্থ-স্বরূপের যাহা বিবৃতি দিয়াছেন— তাহা অননুভূতপূর্ব ও মহা উপভোগ্য। তিনি দেখিতেছেন—কালিন্দীতটে বাসন্তীকুঞ্জে অশোকপুষ্প-বিরচিত সুকোমল শয্যায় মহাসুখে বিরাজিত যুগলকিশোর— ঐ নবনাগরদ্বয় মূর্ত্তিমান্ শৃঙ্গাররস এবং সর্বশোভাসমৃদ্ধির সাগর। উভয়ই সাত্ত্বিকাদি-ভাবভূষণে মণ্ডিত-কলেবর— অনঙ্গরঙ্গে বিভোর— প্রেমান্ধ, রতিলম্পট, নবনব ক্রীড়াকলায় সংসক্তচিত্ত এবং সুরত-সংগ্রামে মহাব্যাপৃত। উভয়ের দেহ হইতে হার, পুষ্পমাল্যাদি বিচ্যুত হইতেছে—নিরন্তর স্বেদপ্রবাহ ছুটিতেছে—তিলকাদি সব ধৌত হইতেছে। রতি-যুদ্ধে উভয়েই পরিশ্রান্ত হইলেও কিন্তু তৃষ্ণাতিশয্য বৃদ্ধিই হইতেছে— রমণেচ্ছার বিরতি নাই !! অতি-সম্ভোগে উভয়ই উভয়ের ক্রোড়ে মূর্চ্ছিত হইয়াছেন !! তাৎকালীন উভয়ের বদনেরই বা কি বিচিত্র শোভা!!! আনন্দ-মূর্চ্ছাভঙ্গের পরে পুনরায় সম্ভোগ— তাম্বূলভোজন, নর্মালাপ, পরিরম্ভণাদির বিবৃতি— পরস্পরের দেহে রতিচিহ্নের বিশেষ অভিব্যক্তি হইতেছে— যুগলের মাধুরী-সন্দর্শন—বিভক্ত হইয়াও পুনঃ স্পর্শলাভের জন্য সাতিশয় ব্যগ্রতা ও পুনঃ সম্ভোগাতিরেক— রতিচিহ্নরাজির পরিস্ফুট বিকাশ প্রভৃতি ধ্যান করিতে করিতে রসময় শ্রীশ্যামানন্দ সকলের মঙ্গল-বিধানকারী হইতেছেন। পাশাখেলায়, কুসুমসমরে এবং জল-কেলিতে শ্রীযুগলকিশোরের ভাব বৈচিত্র্যাদি আস্বাদনে ইহার স্তম্ভ,

স্বেদ ও কম্পাদি উদিত হয়। তাঁহাদের নামকীর্ত্তনে স্বরভঙ্গ, বিরহ-শ্রবণে বৈবর্ণ্য, শ্রীরাধাকৃষ্ণ-সঙ্গীতে প্রেমাশ্রু এবং রাসোৎসবক্রীড়া-শ্রবণকালে যুগপৎ অষ্ট সাত্ত্বিকভাব উদিত হইয়া থাকে।

বস্তুতঃ শ্রীল রসিকানন্দ প্রভু এ গ্রন্থে শ্রীগুরুকৃপালব্ধ শ্রীগুরু-স্বরূপের যে দিগ্‌দর্শন করিয়াছেন—ইহাই শ্রীশ্রীরাধাগোবিন্দ যুগলোপাসনার মূর্ত্ত আদর্শ ও পরিপূর্ণস্বরূপ। যুগলোপাসকগণ শ্রীশ্রীশ্যামানন্দপ্রভুর ধ্যানোদ্দিষ্ট স্বরূপের এই মনোমোহন চিত্রটিকে বক্ষে ধরিয়া যে পরমা ভক্তি লাভ করিবেন—এ বিষয়ে স্বয়ং গ্রন্থকারও অন্তিম (১০১) শ্লোকে ইঙ্গিত দিয়াছেন।

এই পুস্তিকা ক্ষুদ্রাকৃতি হইলেও কিন্তু বস্তু-বৈভবে, ভাব-গৌরবে, ভাষা-লালিত্যে এবং সর্বোপরি প্রগাঢ় অন্তর্দৃষ্টিময়ী বর্ণনাচ্ছটায় সকলেরই মনোমদ ও তৃপ্তিপ্রদ হইবেন।

বিশেষতঃ শ্রীমদ্ বিদ্যাভূষণের যথেষ্ট পরিবেষণে শ্রীল রসিকা-নন্দের উপভোগ্য বস্তুর ফেলালব আস্বাদন পূর্বক শ্রীশ্রীশ্যামানন্দ-চরণানুরাগী গৌড়ীয় বৈষ্ণবমাত্রই যে ইহাতে অপূর্ব আনন্দ উন্মাদনা পাইবেন এবং ইহাকে হৃদয়ের নিধি করিয়া রাখিবেন—এবিষয়ে আমার অণুমাত্রও সন্দেহ নাই।

এই গ্রন্থ শ্রীবৃন্দাবনে পাথরপুরার কর্মকাণ্ড-জ্যোতিষভবনে প্রাপ্ত হইয়াছিলাম। একখানা পুঁথি সটীক ও বিশুদ্ধ; দ্বিতীয়-খানায় টীকা না থাকিলেও প্রায়শঃ নির্ভুল। —শ্রীগৌরাব্দঃ ৪৫৮।”

—দীন আশ্রব শ্রীহরিদাস দাস

শ্রীগোবিন্দ-ভাষ্যকার শ্রীল বলদেব বিদ্যাভূষণপাদের স্বহস্ত লিখিত প্রায় তিনশত বৎসরের প্রাচীন পুঁথির লিপিতে তদীয় স্বগুরু পরম্পরা—"আনন্দয়তি শ্যামাং" ইত্যাদি।

—শ্রীশ্রীশ্যামানন্দ শতক টিপ্পনী আরম্ভ—

श्री उँनमः श्रीहरयेनिर्विघ्नछिरि।। आनंदयति श्यामांदरसिकान्तपन्नानिवस्व धामनिधः। विस्मापकरामोदरलीलोवतनुः सगोविंद ॥१ वंदे
श्याम नंदेति [illegible] तो। नवैसवानहं भग्वत्त। मंदोपियत्करुणयात्रातकंविरलोमितस्थितत॥२ अथ यौमवंसपाराः शतकेप्य पिमहा युतेस्तस्या
[illegible] पापि [illegible] ताक्षिपनेगोरवंभ्यात्तस्मिन॥३ अथश्रीमानरसिकानंदीमहत्तमः कविः कविपंडितहृंदवंद्यः श्रीमद्रूपपादाब्जैकतानमनास्त
दनुग्रहनिर्भरपरिलातनतत्स्वरूपस्तकृष्णरूपप्रकाशकंपद्यशतकं निर्मिलुस्तद्गुणनिर्देशापूर्वकंतद्विजमंगलमाचरतिसांद्रेति। श्यामानंद-कला

सिंधुरि८

संततस्मानंतापत्रयमस्तानामेकोमहानिधिस्तत्तापनिर्हारीत्यर्थः।।तत्तापनिर्हरणं कथं करोतीत्यपेक्षायां द्रवनिधिरिति।।द्रवश्चित्तद्रवस्तेनानुरागात्मनैतस्यनिधि
रितितत्प्रदानेनतन्निर्हरणमित्यर्थः।।कुतएवंकरोतीत्यपेक्षायां।।कारुण्येत्यादि निर्हेतुकपरदुःखप्रहाणेच्छेरयः कारुण्यलीलातस्यानिधिरितिकारुण्यात्स्र
त्करोतीत्यर्थः।।द्रवनिधित्वेहेतुगर्भं विशेषणं माधुर्येति।।स्वे इतिद्रःसौंदर्यादि त्रयो माधुर्यसंपत्तस्याविधिरितितन्माधुर्यानुभवनिमित्तश्चित्तद्रवइत्य
र्थः।।४ अत्रनवस्वपिविशेषणेषुविशेष्यपरिपोषात्परिकरोलंकारः।। यदुक्तं।।विशेषणैर्यत्साकूतैरुक्तिः परिकरस्तुसइति।। अत्र मंकाव्यमिदंगुरुविषयकरत्वं

श्रीहरिर्जयति सांद्रानंदनिधिः प्रसादजलधिस्त्रैलोक्यशोभानिधिः पूर्णप्रेमरसामृताद्भयनिधिः सौभाग्यला
क्ष्मीनिधिः संततैकमहानिधिर्द्रवनिधिः कारुण्यलीलानिधिः श्यामानंदकलानिधिर्विजयतेमाधुर्यसंपन्निधिः॥

अन्यात् नवनिधियदाकृतेः कथितपदत्वं यदुक्तं सांद्रानंदेत्याद्यपतापाद्यविशेषबोधकत्वेनतत्स्यागुणत्वात् अत्रान्तिमविशेषणेनसमाप्तपुनरात्तत्वं वाक्यदूषणं
नमंतव्यं, तस्यसर्वैस्स्वीकारात् जयदेवादिभिश्चंद्रालोकादिषुनुदेशात् एवंपरत्रबोध्यं जयतिरत्रसर्वोत्कर्षवचनः सर्वोत्कर्षाश्रयत्वात्सेतरसर्वेनमस्य
त्वमाक्षिप्यते सर्वोतःपाता [illegible] नमस्कारोत्रव्यज्यते द्वादशा वार्षिकेन साधनेनतपसाप्रसन्नाश्रीराधादेवीतत्रआविर्भूतापरदर्पिसन्नुष

শ্রীশ্রীরাধাগোবিন্দদেবৌ জয়তঃ।

শ্রীশ্রীশ্যামানন্দ-শতকম্

শ্রীশ্যামানন্দদেবো জয়তি।

সান্দ্রানন্দনিধিঃ প্রসাদ-জলধি স্ত্রৈলোক্য-শোভানিধিঃ
পূর্ণপ্রেমরসামৃতাক্ষয়নিধিঃ সৌভাগ্য-লক্ষ্মীনিধিঃ।
সন্তপ্তৈকমহানিধি র্দ্রবনিধিঃ কারুণ্যলীলানিধিঃ
শ্যামানন্দ-কলানিধি র্বিজয়তে মাধুর্য্যসম্পন্নিধিঃ ॥ ১ ॥

শ্রীমদ্ বলদেববিদ্যাভূষণকৃতা টিপ্পনী

ওঁ নমঃ শ্রীহরয়ে বিঘ্নচ্ছিদে শ্রীশ্রীগোবিন্দায় নমঃ।

আনন্দয়তি শ্যামাং রসিকান্নয়নানি চ স্বধামনি যঃ।
বিস্মাপক-দামোদর-লীলোঽবতু নঃ স গোবিন্দঃ॥ ১ ॥
বন্দে শ্যামানন্দে নিহিত-মতীন্ বৈষ্ণবানহং শশ্বৎ।
মন্দোঽপি যৎকরুণয়া শতকং বিবৃণোমি তস্যৈতৎ ॥ ২ ॥
অর্থা ভবন্ত্যপারাঃ শতকে যদ্যপি মহাত্মনস্তস্য।
ব্যাখ্যা তথাপি বিমিতা ক্রিয়তে গৌরব-ভয়াত্তস্মিন্ ॥ ৩ ॥

অথ শ্রীমান্ রসিকানন্দো মহত্তমঃ কবিঃ কবিপণ্ডিতবৃন্দবন্দ্যঃ শ্রীমদ্ গুরুপাদাব্জৈকতানমনা— স্তদনুগ্রহনির্ভর-পরিজ্ঞাতস্তৎস্বরূপ- স্তদ্‌গুণরূপ-প্রকাশকং পদ্যশতকং নির্মিমিৎসু স্তদ্‌গুণনির্দেশপূর্বকং তদ্‌বিজয়ং মঙ্গলমাচরতি— সান্দ্রেতি। শ্যামানন্দঃ কলানিধিরিব বিজয়তে স্বোৎকর্ষমাবিষ্করোতু।

যিনি সাধুসেবা, সৎসম্প্রদায় প্রবর্তন ও প্রচারজনিত নিবিড় আনন্দের সৎপাত্র, সদাচারজনিত নির্ম্মলতার আস্পদ, ত্রিভুবনস্থ সর্ববশোভার নিধান, পূর্ণপ্রেমরসামৃতের অবিনাশী আশ্রয়, সৌভাগ্যশ্রীর সদ্ভাজন, ত্রিতাপতপ্ত জনবর্গের তাপশমন মহাসমুদ্র (স্বীয় ইষ্টদেবে অনুরাগ সঞ্চারদ্বারা) কঠিন চিত্তের দ্রব-কারক, নির্হেতুক পরদুঃখনাশে করুণার নিলয় ও মধুররসসম্পত্তির আকর এই নবনিধি বিশিষ্ট শ্রীশ্যামানন্দ কলানিধি—চন্দ্রদেব জয়লাভ করুন ॥ ১ ॥

'ক' শ্রীপট্টগোপীবল্লভপুরস্থিত প্রাচীন হস্তলিপিঃ।

'খ' শ্রীধাম নবদ্বীপস্থ দেবনাগরাক্ষর প্রাচীন হস্তলিপিঃ।

ধর্ম্মবাচকয়োর্লোপে লুপ্তোপমেয়ম্। যদাহ ভরতঃ(১০।৩)—'এতদ্দ্বিলোপে ক্বিপ্‌সমাসগেতি'। এতয়োর্দ্বয়োর্ধর্মবাচকয়োর্লোপে ক্বিব্‌গা সমাসগা চেতি তদর্থঃ। 'উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে' ইতি সূত্রাৎ সমাসঃ। ন চেদং রূপকমেবাস্তু—তত্র সতি কলানিধিত্বস্য প্রাধান্যাৎ সান্দ্রানন্দাদীনাং শ্যামানন্দে সম্বন্ধানুপপত্তেঃ।

কীদৃশঃ স ইত্যপেক্ষায়াং বিশেষণানি সান্দ্রেত্যাদীনি। সান্দ্রানাং নিবিড়ানাং সংসেবা-সংসম্প্রদায়-প্রচারজাতানামানন্দানাং নিধিরাশ্রয়ঃ। নিধীয়তেঽস্মিন্নিত্যধিকরণেঽর্থে নি-পূর্বাদ্ধাধাতোঃ কি-প্রত্যয়ঃ। প্রসাদজলধিঃ—প্রসাদঃ প্রসন্নতা সদাচারজনিতা স্বচ্ছতা তস্য জলধিঃ সিন্ধুরাশ্রয় ইত্যর্থঃ। ত্রৈলোক্যেতি—একাবয়বস্থস্য মহানর্ঘ্যমণিরিবৈকদেশস্থোঽপি ত্রিলোকী-শোভাকর ইত্যর্থঃ। পূর্ণেতি—পূর্ণং কৃৎস্নং যৎ প্রেমরসামৃতং স্বেষ্টবিষয়ক-প্রেম পীযূষং তস্যাক্ষয়নিধিরবিনাশ্যাশ্রয়ঃ। সৌভাগ্যলক্ষ্মী নিখিললোকলব্ধাদর-সম্পৎ, তস্যা নিধিঃ সৎপাত্রভূতঃ। সন্তপ্তানাং তাপ-ত্রয়গ্রস্তানামেকো মহানিধি স্তত্তাপ-নির্হারী সিন্ধুরিতার্থঃ। তত্তাপনির্হরণং কথং করোতীত্যপেক্ষায়াং দ্রবনিধিরিতি। দ্রব শ্চিত্তদ্রুতিঃ স্বেষ্টানুরাগাত্মকঃ তস্য নিধিরিতি তৎপ্রদানেন তন্নির্হরণমিত্যর্থঃ। কুত এবং করোতীত্যপেক্ষায়াং কারুণ্যেতি। নির্হেতুক-পরদুঃখপ্রহাণেচ্ছোদয়া কারুণ্যলীলা তস্যা নিধিরিতি কারুণ্যাৎ তৎ করোতীত্যর্থঃ। দ্রবনিধিত্বে হেতুগর্ভং বিশেষণং—মাধুর্য্যেতি। স্বেষ্টনিষ্ঠঃ সৌন্দর্য্যাতিশয়ো মাধুর্য্যসম্পত্তস্যা নিধিরিতি তন্মাধুর্য্যানুভব-নিমিত্ত শ্চিত্তদ্রব ইত্যর্থঃ। অত্র নবভি র্বিশেষৈণৈ র্বিশেষ্যস্য পরিপোষাৎ পরিকরোঽলঙ্কারঃ। যদুক্তং—'বিশেষণৈ র্যৎসাকূতৈরুক্তিঃ পরিকরস্তু স' ইতি। উত্তমকাব্যমিদং গুরু-বিষয়করতে র্ব্যঞ্জনাৎ। ন চ নিধিপদাবৃত্তেঃ কথিতপদত্বং শঙ্ক্যং, সান্দ্রানন্দাদ্যাশ্রয়তায়া অবিশেষ-বোধকত্বেন তস্যা গুণত্বাৎ। অত্রান্তিমবিশেষণেন সমাপ্ত-পুনরাত্তত্বং বাক্যদূষণং ন মন্তব্যং। তস্য সর্ব্বৈরস্বীকারাৎ। জয়দেবাদিভি শ্চন্দ্রালোকাদিষ্বনুদ্দেশাৎ। এবং পরত্র চ বোধ্যং। জয়তিরত্র সর্বোৎকর্ষবচনঃ। সর্ব্বোৎকর্ষাশ্রয়ত্বাৎ স্বেতর-সর্বনমস্যত্বমাক্ষিপ্যতে। সর্ব্বান্তঃপাতাদ্ গ্রন্থ-কর্ত্তুশ্চ নমস্কারোঽত্র ব্যজ্যতে।

যং লোকা ভুবি কীর্ত্তয়ন্তি হৃদয়ানন্দস্য শিষ্যং প্রিয়ং
সাক্ষাচ্ছ্রীসুবলস্য যং ভগবতঃ প্রেষ্ঠানুশিষ্যং তথা।
স শ্রীমান্ রসিকেন্দ্র-মস্তকমণি শ্চিত্তে মমাহর্নিশং
শ্রীরাধাপ্রিয়-নর্ম্মমর্ম্মসু রুচিং সম্পাদয়ন্ ভাসতাম্ ॥ ২ ॥

দ্বাদশবার্ষিকেণ স্বারাধনেন তপসা প্রসন্না শ্রীরাধাদেবী তত্রাবির্ভূতা তদর্পিতনূপুরাঙ্কতিলকং নাম চ তস্মৈ দদাবিত্যৈতিহ্যাৎ শ্যামামানন্দয়তীতি তন্নাম-নিরুক্তিঃ। অগ্রিম-তন্নিরুক্তিস্তু নিরুক্ত্যলঙ্কারেণ বোধ্যা ॥ ১ ॥

অথ স্বসম্প্রদায়পরম্পরাং ব্যঞ্জয়ন্ স্বচিত্তে স্বপ্রভোঃ স্ফুর্ত্তিমাশাস্তে—যমিতি। লোকা যং শ্রীশ্যামানন্দং হৃদয়ানন্দস্য শ্রীভগবচ্চৈতন্যদেবসেবাধিকারিতয়া গৌড়েঽতিপ্রসিদ্ধস্য প্রিয়ং শিষ্যং কীর্ত্তয়ন্তি। তথা সাক্ষাৎ-শ্রীসুবলস্য ভগবৎপ্রেষ্ঠ-শ্রীগৌরীদাস-পণ্ডিতাখ্যয়া গৌড়ে প্রকটস্য প্রেষ্ঠানুশিষ্যং লোকা যং কীর্ত্তয়ন্তি। তৎপ্রিয়ত্বং তৎপ্রেষ্ঠত্বং চ বস্তুমহিম্নাভ্যুদিতং, তেন তদ্বর্গমুখ্যত্বং ব্যজ্যতে। স শ্রীমান্ শ্যামানন্দোঽহর্নিশং সর্ব্বদা মম রসিক-মুরারের্মৎসমবাসনস্য চ চিত্তে ভাসতাং স্ফুরতু। কীদৃশ ইত্যাহ—রসিকেন্দ্র-ইতি। শ্রীকৃষ্ণভক্তিরসাস্বাদচুঞ্চুভিঃ স্বগণৈঃ শিরসা ধার্য্য ইত্যর্থঃ। কিং কুর্ব্বন্নিত্যাহ—শ্রীতি। শ্রীরাধায়াঃ প্রিয়াণি নর্ম্মাণি যাসু তাঃ তস্যাঃ প্রিয়-নর্মসখ্যস্তাসাং যানি মর্মাণ্যন্তর্বৃত্তয়স্তেষু রুচিমভিলাষং সম্পাদয়ন্ জনয়ন্নিতি স্বস্য তদ্ভাবোপাসকতা দর্শিতা।

এতদুক্তং ভবতি—শ্রীকৃষ্ণো নন্দসূনুঃ শ্রীকৃষ্ণচৈতন্যাখ্যয়া গৌড়েঽবততার। সুবলচন্দ্রো নাম তৎসখস্তেন সহাবির্বভূব গৌরীদাসনামা; স তচ্ছিষ্যঃ, তস্য হৃদয়ানন্দঃ, তস্য শ্যামানন্দঃ, তস্য রসিকমুরারিরিতি। গৌরীদাস-পণ্ডিতস্য সুবলত্বং শ্রীকৃষ্ণচৈতন্যস্য কৃষ্ণত্ব-নির্ণায়কেণ প্রমাণেন সিধ্যতি।

মহাজনবর্গ পৃথিবীতে যাঁহাকে শ্রীহৃদয়ানন্দের প্রিয়শিষ্য এবং সাক্ষাৎ ভগবানের সখা শ্রীসুবলের (শ্রীগৌরীদাস পণ্ডিতের) প্রিয়তম অনুশিষ্য বলিয়া থাকেন, সেই কৃষ্ণভক্তিরসাস্বাদে নিপুণ ভক্তগণের মস্তকস্থিত চূড়ার মণি-স্বরূপ শ্রীমান্ শ্যামানন্দদেব মদীয় চিত্তমধ্যে অহোরাত্র শ্রীরাধার প্রিয়নর্ম্ম সখীগণের হৃদয়ের সুরুচি সম্পাদনপূর্ব্বক দীপ্তিলাভ করুন ॥ ২ ॥

শ্যামেনৈব রসেন যস্ত্রিজগতীমানন্দয়ত্যুল্লসন্
শ্যামানন্দ ইতীরয়ন্তি কবয়ো যং কাষ্ণরাজং ভুবি।
সংগুপ্ত-ব্রজসুন্দরেন্দ্র-রমণী-ভাব-প্রকাশোজ্জ্বলং
তং বন্দে জগতাং গুরুং সকরুণং শ্রীদূরিকানন্দনম্ ॥ ৩ ॥

তৎ প্রমাণঞ্চ—"আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনূঃ। শুক্লো রক্ত-স্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র-পার্ষদম্। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ" ইত্যেতৎ ॥ ২ ॥

অথ তন্নাম্নোঽন্বর্থতাং দর্শয়ন্ তং প্রণমতি—শ্যামেনৈবেতি। 'এব' শব্দেন তস্য তদেকান্তিতা ব্যজ্যতে। যঃ শ্যামেনৈব শৃঙ্গারেণৈব রসেন স্বয়মুল্লসন্ প্রহৃষ্যন্ তেনৈবোপদিষ্টেন ত্রিজগতীং ত্রৈলোক্যবর্ত্তিনো জনানানন্দয়ত্যতোঽয়ং শ্যামানন্দ ইতীরয়ন্তি কথয়ন্তি যং কবয়ঃ তদনুভবিনো বিজ্ঞাঃ। 'শৃঙ্গারাদৌ বিষে বীর্য্যে গুণে রাগে দ্রবে রস' ইতি নানার্থবর্গঃ। ইহ শ্যামেনৈব রসেনেতি তদ্রসবিভাবানুভাবসাত্ত্বিক-সঞ্চারি-স্থায়িরূপঃ সাধারণীকৃতঃ পানকরস-ন্যায়েন স্ফুরিততত্তদ্-বিশেষোঽর্থো বিবক্ষিতঃ, তেন শ্রীনন্দসূনু-রাধিকা-তদ্ধাম-তৎ-প্রেম-রূপোঽর্থঃ সম্যক্-তদ্ভক্তহৃদ্বিভাতো গম্যঃ। যং কীদৃশং—কাষ্ণরাজং বৈষ্ণবাচার্য্যম্। এতদেবাহ—সংগুপ্তেত্যাদি। সংগুপ্তো বেদগূঢ়ো যো ব্রজ-সুন্দরেন্দ্র-রমণীনাং ব্রজরাজসুতপ্রেয়সীনাং ভাবঃ প্রেমস্নেহাদিলক্ষণঃ স্থায়ী তস্য প্রকাশেন সঞ্চারেণোজ্জ্বলং দীপ্যমানং। স্ফুটমন্যৎ। স্বপতীতরপুংমাত্রনেত্র-পথদূরবর্ত্তিত্বাদ্ দূরেতি তন্মাতুর্নামধেয়ং। দূরৈব দূরিকা—তস্যা মহাপতি-ব্রতায়া নন্দনং পুত্রমিত্যর্থঃ। শৃঙ্গাররসো হি নন্দনন্দনদৈবত ইন্দ্রনীলমণি-রিব শ্যামল ইতি রসশাস্ত্রে প্রসিদ্ধমতঃ শ্যামেনৈবেত্যুক্তম্। নিরুক্তিরত্রা-লঙ্কারঃ, যদুক্তং—'নিরুক্তিশ্চেদ্ ভবেন্নাম্নাং যোগাদন্যার্থকল্পনেতি' ॥ ৩॥

শ্যাম অর্থাৎ উজ্জ্বল রসের দ্বারা যিনি উল্লসিত হইয়া ত্রিভুবনের আনন্দ সম্পাদন করিতেছেন, এই হেতু যে কৃষ্ণভক্ত শ্রেষ্ঠকে সূরিগণ **শ্যামানন্দ** নামে অভিহিত করেন। ব্রজেন্দ্রনন্দনবরের রমণীগণের অতীব গূঢ়ভাব প্রকাশ বিষয়ে যিনি উজ্জ্বলমূর্ত্তি হইয়াছেন, সেই কৃপাবান্ জগদ্-গুরু দূরিকানন্দনকে বন্দনা করি ॥ ৩ ॥

অথ আশীর্ব্বাদরূপ মঙ্গলাচরণম্—

চেতশ্চেদ্ বিরলপ্রচারমধুর-প্রেমামৃতাস্বাদনে
কামো মার্গণয়া বিনা যদি সুখাদ্ ভাবাখ্য-চিন্তামণৌ।
চেদ্ রাগানুগ-ভক্তিসম্পদি রুচিঃ সর্ব্বাত্মভাবাত্তদা
শ্যামানন্দ-সুপর্ব্ব-পাদপমিমং নিত্যং ভজধ্বং জনাঃ ॥ ৪ ॥

॥ ইতি চতুঃশ্লোকী ॥

অথ কল্পতরুরিব দুর্লভোঽয়মস্মাকং ভাগ্যভরাদিহ ভূমণ্ডলে সুলভোঽভবৎ। যুষ্মং স্বস্ববাঞ্ছিতানি গৃহ্ণীতেতি দয়ালুতয়া উপদিশন্নাহ—চেতশ্চেদিতি। হে জনা ভবতাং চেতঃ চেদ্ যদি বিরল-প্রচারস্য মধুরপ্রেমামৃতস্য শৃঙ্গার-জাতীয় কৃষ্ণপ্রেমপীযূষস্যাস্বাদনেঽনুভবে লোভো বর্ত্ততে। নমু ভাবং বিনা প্রেমা কথং স্যাত্তত্রাহ—কাম ইতি। যদি ভাবাখ্যচিন্তামণৌ মার্গণয়া সাধনান্বেষণং বিনা সুখাদনায়াসেনৈব ভবতাং কামোঽভিলাষোঽস্তি। নমু শ্রবণাদি-সাধন-ভক্তিং বিনা কথং ভাবলাভঃ তত্রাহ—চেদ্ রাগেতি। রাগানুগায়াঃ ভক্তি-সম্পদি চেদ্ ভবতাং রুচিরিচ্ছাস্তি—তদা শ্যামানন্দরূপং সুপর্ব্ব-পাদপং সুরতরুং নিত্যং সর্ব্বদা সর্বথা ভজধ্বং সেবধ্বম্। সর্বাত্মভাবাৎ কায়বাঙ্মনো-ব্যাপারাত্তং বিধায়েতি ল্যব্লোপে কর্ম্মণি পঞ্চমী (২।৩।২৮)। সিদ্ধানাং ব্রজ-বাসিনাং রাগাত্মিকা ভক্তিঃ, তদনুগামিনী সাধকানাং ভক্তিস্তু রাগানুগেতি বোধ্যম্। তথাচ—সাধনভাবপ্রেমলক্ষণা ভক্তির্যদনুগ্রহাৎ প্রাপ্যতে, স শ্যামানন্দো ভজনীয় ইতি ॥ ৪.॥

॥ ইতি চতুঃশ্লোকী ॥

হে সুবিজ্ঞ জনবৃন্দ! যদি বিরলপ্রচার মধুর প্রেমরূপ অমৃত রসের আস্বাদন বিষয়ে তোমাদের চিত্ত লালসান্বিত হইয়া থাকে, যদি সাধনশ্রম ব্যতীত অনায়াসেই ভাব-চিন্তামণিলাভে ইচ্ছা হয় এবং রাগানুগ ভক্তিসম্পদ-লাভে যদি রুচি হয়, তাহা হইলে সর্বাত্মভাবে নিরন্তর এই শ্যামানন্দরূপ শ্রেষ্ঠ কল্পতরুর ভজনা কর ॥ ৪ ॥

॥ ইতি চতুঃশ্লোকী ॥

অথ সান্দ্রানন্দ-নিধিঃ—

যস্য শ্রীচরণারবিন্দযুগল-স্পর্শাধিকারোৎসবা
স্নিগ্ধেয়ং ধরণী বিভাতি নিতরাং কার্ষ্ণৈঃ স্তৃতা সর্ব্বতঃ।
তং কার্ষ্ণিং প্রণতোঽস্মি কৃষ্ণ-রসদং চিৎসৌখ্যসান্দ্রাকৃতিং
শ্যামানন্দমমন্দলীল-পরমানন্দং সুরেন্দ্রার্চ্চিতম্ ॥ ৫ ॥

কিঞ্চ যস্যেতি—কার্ষ্ণৈঃ কৃষ্ণভক্তৈঃ। 'সাস্য দেবতেতি' (৪।২।২৪) সূত্রাদণ্। স্তৃতা ব্যাপ্তা। কার্ষ্ণিং কৃষ্ণানন্দ-সুতং, সত্যভামা ভামেত্যাদিবন্নামৈকদেশেন নাম্নো গ্রহণাৎ, 'অত ইঞিতি' (৪।১ ৯৫) সূত্রাদপত্যেঽর্থে ইঞ্। কৃষ্ণরসদং নন্দাত্মজানুরাগদায়িনং। চিদিতি—বিজ্ঞানানন্দঘনমূর্ত্তিং কৃষ্ণনিত্যপার্ষদত্বাৎ। ভগবৎপার্ষদাঃ খলু ভাগবত-তনবো ভবন্তি, 'প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনু'মিত্যাদি (১।৬।২৯ভা) স্মৃতিভ্যঃ। অমন্দা সর্ববিস্তৃতা ভগবদ্-ভাগবত-সেবাদি-প্রচারলক্ষণা লীলা চরিত্রং যস্য। পরমঃ সর্ব্বোত্তম-স্বৎপ্রচারহেতুক আনন্দো যস্য, স চাসৌ স চেতি নীললোহিতাদি-শব্দবদ্বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। সুরেন্দ্রার্চিতমিতি—রাসযাত্রামহোৎসবে বর্ষুকেণাপীন্দ্রেণ যদাজ্ঞপ্তেন যাত্রিকবসতে রন্যত্র প্রাচ্য দিশা পাক্ষাহ্নিক্যা মহাবৃষ্টের্বিধানাৎ স্ফুটমন্যৎ ॥ ৫ ॥

চিৎসৌখ্যসান্দ্রাকৃতিমিত্যুক্তং পুষ্ণন্নাহ—শান্তা ইতি। শুভ্রাশয়া নির্ম্মলচিত্তাঃ শান্তাঃ, কোবিদা বিদ্বাংসো যং ব্রহ্মরসাম্বুরাশিং জানন্তি,—নিস্তরঙ্গসিন্ধুরিব লীলাবিলাসশূন্যশ্চৈতন্যরাশিরীশ্বরো ব্রহ্ম, তদ্রস স্তদম্বুভব স্তদম্বুরাশিং তৎসমুদ্রং যং শান্তভক্তা অনুভবন্তীত্যর্থঃ। হরিণৈব শান্তেষু যেন রহস্যলীলা ন প্রকাশ্যতে ইত্যাশয়ঃ। সুপ্রেমরসোজ্জ্বলা দাস্যাদিভাবভাজঃ কোবিদাঃ যং পরমপ্রেমাস্পদং জানন্তি। শান্তাদিভাবাৎ পরমঃ শ্রেষ্ঠো যঃ প্রেমা মধুররতিলক্ষণ স্তদাস্পদং তদাধারমনুভবন্তীত্যর্থঃ। অমী মায়ামোহিতমানসা

যাঁহার শ্রীপাদপদ্মযুগলের স্পর্শাধিকার লাভে এই পৃথিবী আনন্দময়ী ও স্নেহশীলা হইয়া সর্বস্থানে কৃষ্ণভক্ত জনগণকর্তৃক ব্যাপ্তা রহিয়াছেন, সেই কৃষ্ণপ্রেমদাতা, ঘনীভূত চিদানন্দমূর্ত্তি, মহালীলামত্ত, পরমানন্দময়, দেবেন্দ্র-পূজিত কৃষ্ণভক্ত শ্যামানন্দদেবকে প্রণাম করি ॥ ৫ ॥

শান্তা ব্রহ্মরসাম্বুরাশিমিহ যং জানন্তি শুভ্রাশয়া
যং সুপ্রেমরসোজ্জ্বলাশ্চ পরমপ্রেমাস্পদং কোবিদাঃ।
মায়ামোহিত-মানসাশ্চ যমমী অজ্ঞা জনাঃ প্রাকৃতং
তং বন্দে মিষমানুষাকৃতিমজং শ্রীদুরিকা-গর্ভজম্ ॥ ৬ ॥
পাষণ্ডাধম-শৈবশাক্তক-মহাদৈত্যেন্দ্র-সেনাযুতৈ-
র্বিক্রান্তৈর্বিকলাং বিলোক্য পরিতো গাং কার্ষ্ণসেনাবৃতঃ।

অজ্ঞাঃ, শৈবশাক্তাদয়ো কোবিদা যং প্রাকৃতং জানন্তি তং বন্দে। কীদৃশ-মিত্যাহ—মিষেতি। মিষং ছলং মানুষাকৃতির্যস্য তং। তত্র যৎ প্রাকৃত-মনুষ্যত্বং তৈঃ প্রতীয়তে, তৎ কিল ভগবতীব মায়াকৃতাচ্ছলাদেবেত্যর্থঃ। যস্মাদজং সন্তং শ্রীদুরিকাগর্ভজমিতি—'অজোঽপি সন্নব্যয়াত্মে'ত্যাদৌ স্বরূপ-স্বভাবাত্যাগেন হরেরাবির্ভাবমাত্রং জন্ম যথোচ্যতে, তথাস্যাপীতি ভাবঃ। ইহ বিশেষস্ত্বগ্রে লেখ্যঃ ॥ ৬ ॥

ধর্ম্মগ্লানিমধর্ম্মোত্থানং চ বিলোক্য যথা হরিরবতরেৎ, তথা তদিচ্ছায়ন্তো-হয়মবাতরদিত্যাহ—পাষণ্ডেতি। পাষণ্ডা বেদবিরুদ্ধা যে স্বাগমকল্পিতা ধর্ম্মা-স্তৈরধমা বিনিন্দ্যা যে শৈবাদয়ো দৈত্যেন্দ্রা স্তৎসেনানামযুতৈ শুচ্ছিষ্যানুশিষ্য-সমূহৈঃ, বিক্রান্তৈর্ন্যায়াদি-শাস্ত্রব্যুৎপত্তি-বলবদ্ভির্বিকলাং দুঃখিতাং বিনষ্ট-বেদোক্তভক্তিমার্গামিতি যাবৎ। গাং পৃথিবীং বিলোক্য যঃ কৃপয়া তস্যা লোচনগোচর আসীৎ। তং কার্ষ্ণিং বন্দে ইত্যনুষঙ্গঃ। কীদৃশঃ সন্নিত্যাহ—কার্ষ্ণসেনাবৃতঃ কৃষ্ণভক্তানীকযুক্তঃ। প্রেমশস্ত্রান্বিতঃ পাষণ্ডখণ্ডকেন ভগবৎ-

---

নির্ম্মলচিত্ত শান্তভক্তগণ যাঁহাকে ব্রহ্মানন্দের সমুদ্ররূপে অবগত আছেন, দাস্যাদি প্রেমরসে উজ্জ্বলমূর্ত্তি রসিক পণ্ডিতগণ যাঁহাকে শ্রেষ্ঠ প্রণয়ের পাত্র বলিয়া জানেন এবং যাঁহাকে মায়ামুগ্ধচিত্ত অজ্ঞলোকেরা প্রাকৃত (সাধারণ) মানব বলিয়া মনে করেন, সেই জন্মরহিত ছলমানবাকার শ্রীদুরিকাতনয়কে বন্দনা করি ॥ ৬ ॥

পাষণ্ড, অধম, শৈব, শাক্ত, দৈত্যশ্রেষ্ঠগণের অযুত অযুত বিক্রম-শালী শিষ্যানুশিষ্য সেনারূপে পৃথিবীকে সর্ব্বদিকে আক্রমণ দ্বারা বিকল

আসীল্লোচন-গোচরোঽত্র কৃপয়া যঃ প্রেম-শস্ত্রান্বিত-
স্তং বন্দে কলিকল্মষৌঘ-দলনং কাঞ্চিং জগন্মঙ্গলম্ ॥ ৭ ॥
মায়ারণ্যচরেন্দ্রতা-মদভর-প্রোচ্ছৃঙ্খলোল্লঙ্ঘনং
সংসারাতিভয়ঙ্করোগ্রবলবচ্ছার্দ্দূলবিক্রীড়িতম্।
যন্নাম্না কলিকালসঙ্গ-বলিতং স্তম্ভং যযৌ তৎক্ষণাৎ-
তং কাঞ্চিং প্রণমামি মূর্ত্তিমদিদং তেজো মহাভীভক্ষম্ ॥ ৮ ॥

প্রেমখড়্গেন যুক্তশ্চ সন্নিত্যর্থঃ। স্ফুটমন্যৎ। দৈত্যান্ হরিরিব পাষণ্ডিনো যো নিরাস্থদিত্যর্থঃ। পাষণ্ডিনাং দ্বিজানামপি দৈত্যত্বং—'ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ। মায়য়াপহৃতজ্ঞানা শ্চাসুরং ভাবমাশ্রিতা' ইতি শ্রীগীতাভ্যঃ ॥ ৭ ॥

ততঃ কিম্ভূতত্রাহ মায়েতি। সংসারোঽবিদ্যালক্ষণঃ স এবাতি-ভয়ঙ্কর উগ্রো বলবান্ শার্দূল স্তস্য যদ্ বিক্রীড়িতং সর্ব্বত্র সঞ্চার স্তং যস্য নাম্না স্তম্ভং নিবৃত্তিং যযৌ প্রাপ—তং কাঞ্চিং কৃষ্ণানন্দাত্মজং প্রণমামি। তদ্বিক্রীড়িতং বিশিনষ্টি– মায়েতি। মায়া দম্ভে কৃপায়াঞ্চেতি বিশ্ব-প্রকাশাৎ, মায়ারণ্যেষু কপট-কাননেষু যে চরন্তি পর্য্যটন্তি তে মায়ারণ্যচরা বিদ্বেষমাৎসর্য্যক্রৌর্য্যাদয়ো মৃগাদি-স্থানীয়া স্তেষামিন্দ্রোঽস্মীতি যো মদভর স্তেন প্রোচ্ছৃঙ্খলমতিনির্মর্য্যাদং চ তদুল্লঙ্ঘনং সর্বাতিক্রমং চেতি তৎ। কলি-

করিলে যিনি কৃপাপূর্ব্বক কৃষ্ণজনরূপ সেনা দ্বারা বেষ্টিত ও প্রেমরূপ শস্ত্রদ্বারা সজ্জিত হইয়া এই ভূ-মণ্ডলে নেত্রগোচর হইয়াছিলেন, সেই কলি-কালের পাপ সমূহের নিরাসক জগতের মঙ্গলকর্ত্তা কৃষ্ণানন্দতনয় কৃষ্ণ-নিজজনকে বন্দনা করি ॥ ৭ ॥

কপটারণ্যে বিচরণশীল বিদ্বেষ-মাৎসর্য্য-ক্রূরতাদি স্বরূপ পশুসদৃশ দুষ্ট-ভাবসমূহ এবং তাহাদের শ্রেষ্ঠ মাৎসর্য্য, তাহার প্রতাপে অতি অনিয়ম্য ও সর্ব্বাতিশায়ী, আবার কলিকালের সঙ্গহেতু মহাপরাক্রমশীল অবিদ্যাময় সংসাররূপ অতি ভয়ঙ্কর ও বলবান্ ব্যাঘ্রের পৃথিবীতে সর্ব্বত্র সঞ্চার— যাঁহার নামবলেই স্তব্ধ হইয়াছে। যাঁহার নামেই যাবতীয় অবিদ্যামূলক

দষ্টং কালকুভোগিনা নিপতিতং সংসার-কূপে কলৌ
সংক্লিষ্টং বিষয়ান্ধকার-বিদৃশং যং প্রেক্ষ্য লোকং ঘৃণী।
দত্ত্বা স্বাঙ্ঘ্র্যবলম্বভক্ত্যগদরাট্প্রেমাঞ্জনান্যুদ্ধরেৎ
সংসেবে ব্যসনার্দনং ত্রিজগতস্তং কৃষ্ণসূনুং প্রভুম্ ॥ ৯ ॥

কালস্য সঙ্গেন বলিতং জাতবিক্রমং। কার্ষ্ণিং বিশিনষ্টি—মূর্ত্তিমদিদং তেজঃ। মহাভিভয়ং যমস্যাপি ভয়ং যস্মাত্তৎ। যৎসম্বন্ধিনাং যমভয়ং সুদূরাপাস্তমিতি ভাবঃ। রূপকমলঙ্কারঃ। শার্দূলবিক্রীড়িতস্য ছন্দসঃ সূচনামুদ্রালঙ্কারশ্চ। তল্লক্ষণং চ—সূচ্যার্থসূচনং মুদ্রা পদৈঃ প্রকৃতবাচিভিরিতি ॥ ৮ ॥

যন্নাম্না প্রাণিনাং সংসারঃ ক্ষীণ ইত্যুক্তং। অথ তৎক্ষয়ে স্বয়ং চ প্রযত্নবান্‌ভূদিত্যাহ—দষ্টমিতি। কলৌ সংসারকূপে নিপতিতং বিষয়ান্ধকার-বিদৃশং লোকং কাল-কুভোগিনা দষ্টং বীক্ষ্য যো ঘৃণী দয়াবান্ স্বাঙ্ঘ্র্যবলম্বাদীনি দত্ত্বা তং সমুদ্ধরেত্তং কৃষ্ণসূনুমহং সংসেবে ইত্যন্বয়ঃ। কালো নিমেষ-কাষ্ঠাদি লক্ষণঃ, স এব কুভোগী দুষ্টসর্পঃ শ্লেষেণ কালবর্ণকুভোগী তেন দষ্টং। বিষয়স্তরুণী-রূপস্পর্শাদি তদ্রূপেণান্ধকারেণ বিদৃশং নষ্টদৃষ্টিং। কূপে নিপতিতস্য সর্পদষ্ট-স্যান্ধস্যাবলম্বেন কূপাদুদ্ধারো ঽগদেন বিষনাশোঽঞ্জনেন দৃষ্টিলাভশ্চ ভবেদিত্যত-স্তত্রয়ং দত্ত্বেত্যুক্তং। উদ্ধরেদিত্যধীষ্টেঽর্থে লিঙ্ * পাণিনি সূত্র—৩/৩/১৬৬।

কলিকল্মষজাত সংসার বিদূরিত হইয়াছে]—সেই যমভয়হারী মূর্ত্তিমান্ তেজঃ-স্বরূপ কৃষ্ণানন্দ-নন্দনকে প্রণাম করিতেছি ॥ ৮ ॥

কূপে নিপতিত অথচ সর্পদষ্ট অন্ধব্যক্তিকে রজ্জুপ্রভৃতির সাহায্যদানে কূপ হইতে উদ্ধার, ঔষধ-প্রয়োগে বিষনাশ এবং অঞ্জনবিলেপনে দৃষ্টিদান করা মহাকৃপালুতার পরিচায়ক। কলিযুগে সংসার কূপে নিপতিত (কামিনী-কাঞ্চনাদি) বিষয়রূপ অন্ধকারে লুপ্তদৃষ্টি, অথচ কালরূপ দুষ্ট কালসর্প-কর্তৃক দষ্ট ও সম্যক্ ক্লিষ্ট মানবগণকে দেখিয়া যে কৃপাময় প্রভু নিজ পাদপদ্মের অবলম্বন, ভক্তিরূপ ঔষধরাজ ও প্রেমরূপ অঞ্জন-সমর্পণে উদ্ধার করিয়াছেন - সেই ত্রিভুবনের দুঃখনাশন কৃষ্ণানন্দনন্দনকে একান্তভাবে ভজন করি ॥ ৯ ॥

দক্ষাঃ ফল্গুবিরক্তিতোঽরসহৃদশ্চাধ্যাত্মিক-জ্ঞানতো
ব্যাসক্তাঃ কিল হৈতুকা দৃঢ়জরন্মীমাংসকা স্তাপসাঃ।
অন্যে যে কঠিনাশ্চ তে যদমল-প্রেমাম্বুবিন্দুদ্রুতাঃ
কৃষ্ণানন্দ-সুতং নতোঽস্মি তমহং লীলারসাম্ভোনিধিম্ ॥ ১০ ॥

সংসেবে তদেকান্তিভাবেন ভজে। ত্রিজগতো ব্যসনার্দনং দুঃখনিবর্ত্তকমিতি দেবাদয়োঽপ্যস্মিন্ ভারতে বর্ষেঽবতীর্ণাঃ যতঃ কীর্ত্তনাদিভক্তিং প্রাপ্য কৃতার্থা বভূবুরিতি ব্যঞ্জিতম্ ॥ ৯ ॥

নমু সংসারকূপনিপতিতা যে কাঞ্চিনা সমুদ্ধৃতা স্তে কিং জালিকাদয়ো ভবন্তি, বিদ্বাংসঃ সভ্যা বেতি পৃচ্ছায়ামাহ—দক্ষা ইতি। শ্রীজগন্নাথমহাপ্রসাদেঽপি প্রাকৃতত্ববুদ্ধ্যা তৎপরিত্যাগঃ ফল্গুবিরক্তি স্তয়া যে দক্ষা ভোগানাং ত্যাগেনা-বশিষ্টত্বগস্থয়ঃ। আধ্যাত্মিকজ্ঞানতঃ স্বস্মিন্ ব্রহ্মাত্মমননেনারসহৃদঃ পরেশ-ভক্তিরসবর্জ্জিতহৃদয়াঃ কেবলাদ্বৈতিনঃ। যে চ হৈতুকা হেতুকল্পকা বৈশেষিকা নৈয়ায়িকাশ্চ ব্যাসক্তাঃ স্বস্বকল্পিতশাস্ত্রযুক্তি-চিন্তানিরতাঃ। তত্রাদ্যা নব-

---

শ্রীল জগন্নাথের মহাপ্রসাদেও প্রাকৃতত্ব-বুদ্ধি স্থাপন পূর্বক তাহা পরি-ত্যাগই ফল্গু বৈরাগ্য। এই ভাবের বৈরাগ্য করিয়া ভোগত্যাগে যাঁহারা অস্থিচর্ম্মসার হইয়াছেন,—'আমিই ব্রহ্ম' এই ধ্যানধারণা করিয়া যাঁহারা পরমেশ-ভক্তিবর্জ্জিত-হৃদয় হইয়াছেন অর্থাৎ কেবলাদ্বৈতবাদিগণ,—যাঁহারা স্ব-স্বকল্পিত শাস্ত্র-যুক্তি-চিন্তায় নিরত হইয়া কেবল হেতুবাদেরই প্রাধান্য দেন অর্থাৎ বৈশেষিক ও নৈয়ায়িকগণ যাঁহারা পরমাণুবাদ স্বীকার করিয়াছেন,—স্বসিদ্ধান্তে স্থির জরন্মীমাংসক প্রভাকর কুমারিল ভট্টানুগামী যাঁহারা কর্মেরই প্রাধান্য দান করত ঈশ্বরকে কর্ম্মাধীন বলিয়াছেন,—যাঁহারা শুষ্কহৃদয় তাপস অর্থাৎ "প্রকৃতিই স্বতন্ত্র কর্ত্তা, 'ঈশ্বর' নামে কোনও বস্তু নাই এবং প্রকৃতি-পুরুষের বিবেকবিজ্ঞান হইতেই আত্মসাক্ষাৎকার মোক্ষ লাভ হয়" ইত্যাদি বলিয়া কপিলের সাংখ্যমতানুসারী হইয়াছেন—তাঁহারা সকলেই যে মহা-জনের নিকট বিমল প্রেমামৃধারা প্রাপ্তি করিয়া দ্রুতচিত্ত হইয়াছেন—সেই লীলারস-সমুদ্র কৃষ্ণানন্দ-সুতকেই প্রণাম করিতেছি ॥ ১০ ॥

মগ্নং ঘোর-সুদুস্তরেঽখিলজনং সংসার-বারাংনিধৌ
পারাবার-গমাগমব্যসনিতামুদ্ধর্ত্তু কামো গতঃ।
কৃষ্ণপ্রেম-বহিত্রমাবিরকরোদ্ যঃ কর্ণধারঃ স্বয়ং
সান্দ্রানুগ্রহমূর্ত্তয়ে ভগবতে তস্মৈ নমঃ কার্ষ্ণয়ে ॥ ১১ ॥ ইতি

বিশেষগুণবিনাশমাত্মনো মোক্ষং মন্যন্তে। অন্তিমাস্তু একবিংশতিবিধ-দুঃখ-নাশং। উভয়ে চ পরমাণুভি র্জগদারম্ভং প্রাহুঃ। যে চ দৃঢ়জরন্মীমাংসকাঃ দৃঢ়াঃ স্বসিদ্ধান্তস্থিরা জরন্মীমাংসকা প্রভাকর ভট্টাদয়ঃ কর্ম্মৈব সর্বপুমর্থ-প্রদমীশ্বরস্তু কর্মাঙ্গমাহুঃ। যে বান্যে তাপসাঃ কাপিলাঃ কঠিনাঃ শুষ্কহৃদয়াঃ প্রকৃতিরেব স্বতন্ত্রা নিখিলকারণমীশ্বরস্তু নাস্ত্যেব, প্রকৃতিপুরুষ-বিবেকপ্রত্যয়া-দেব চিন্মাত্রাত্ম-সাক্ষাৎকারো মোক্ষ ইত্যাহুঃ। তে সর্বে যতো লব্ধৈ রমল প্রেমাম্বুবিন্দুভি র্দ্রুতা দ্রবীভূতচিত্তা বভূবু স্তং কৃষ্ণানন্দসুতং নতোঽস্মীত্যনু-ষঙ্গঃ স্ফুটমন্যৎ ॥ ১০ ॥

প্রযত্নবত্তাং প্রপঞ্চয়তি—মগ্নমিতি। সংসারবারাং নিধাবখিলজনং মগ্নমুদ্ধ-র্ত্তু কামো যঃ পারাবারগমাগম-ব্যসনিতাং গতঃ স্বয়ং কর্ণধারঃ সন্ কৃষ্ণ-প্রেমবহিত্রমাবিরকরোত্তস্মৈ কার্ষ্ণয়ে নম ইত্যন্বয়ঃ। ব্যসনিতাং শক্তিমত্তাং,

---

কামক্রোধাদি নক্রবহুল, গম্ভীর ও সুবিস্তৃত সংসার-সমুদ্রে নিমগ্ন নিখিল জনগণকে উদ্ধার করিবার মানসে যিনি পারাপার গমনাগমনের ব্যসনিতা অর্থাৎ সামর্থ্য প্রাপ্ত হইয়াছেন, স্বয়ং কর্ণধার হইয়া কৃষ্ণপ্রেম-নৌকা আবির্ভূত করিয়াছেন—নিবিড় অনুগ্রহ-মূর্ত্তি সেই ভগবান্ কার্ষ্ণিকে নমস্কার করি। কর্ণধার (নাবিক) যেরূপ এইপারে অবস্থিত জনগণকে নৌকা-রোহণ করাইয়া ওপারে যায় এবং পুনর্বার অন্য লোক নিতে এপারে আসে, সেইরূপ ইনিও কোনও কোনও ভক্তকে দীক্ষাকালে কর্ণস্পর্শপূর্বক মন্ত্রদানে গুরু-স্বরূপে ভক্তির উপদেশ করিয়া সংসার হইতে মোচন করেন এবং অন্যজনগণকেও এইভাবে মুক্ত করিতে সতত ইচ্ছুক। এই কার্য্যেই ব্যসনিতার (পরমশক্তির) পরিচয় হইতেছে। লৌকিক নৌকায় পদার্পণ করত পারে গমন হয়, আর এই প্রেমনৌকা কিন্তু হৃদয়ে ধারণ করিয়াই সংসার-

২। অথ প্রসাদজলধিঃ—

ভিন্নাভিঃ শ্রুতিভিঃ স্মৃতি-প্রভৃতিভি ভ্রান্তাঃ পুরাণাগমৈঃ
সিদ্ধান্তৈরপি কৃষ্ণভক্তি-রসিকাঃ স্যু র্যৎপ্রসাদ-স্থিরাঃ।
দূরানন্দনমানতোঽস্মি তমহং বেদার্থ-সারাস্পদং
ত্রয্যাগীত-গুণানুবাদমতুলানন্দং পরেষাং পরম্ ॥ ১২ ॥

'ব্যসনং ত্বশুভে শক্তৌ পান স্ত্রী-মৃগয়াদিষিতি' বিশ্বঃ। সংসারবারাং নিধৌ কীদৃশে ইত্যাহ—ঘোর-সুদুস্তরে ইতি। কর্ণধারো নাবিকঃ, শ্লেষেণ দীক্ষাকালে শ্রোত্রস্পর্শাদ্ গুরুঃ সন্ স হি অবারস্থান্ নীত্বা পারং গচ্ছতি, পুনরন্যান্নেতুমবারমাগচ্ছতি। তথা যঃ কাংশ্চিদ্ ভক্তিউপদেশেন সংসারান্ মোচয়তি পুনরান্যাংশ্চ তেন ততো মোচয়িতুমিচ্ছতীত্যেতদ্দ্বামনিতয়া নিগদ্যতে। বহিত্রং নৌকাং। লৌকিকে বহিত্রে পাদৌ নিধায় পারো গম্যতে। এতদ্বহিত্রং তু হৃদি নিধায়েতি বিচিত্রমেতৎ। কামক্রোধাদি নক্রবাহুল্যাদ্ ঘোরেতি, গম্ভীরবিস্তীর্ণরূপত্বাৎ সুদুস্তরে ইত্যর্থঃ। কাঙ্ক্ষয়ে কীদৃশায়েত্যাহ—ভগবত ইতি। 'উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিম্। বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানি'ত্যুক্তলক্ষণায়েত্যর্থঃ। তথাচ শ্রীমদনগোপালেন ভগবতা গোবর্দ্ধনাচলপরিক্রমণে ত্রিরাজ্ঞপ্তো যদর্থং বৃন্দাবনাদুৎকলং গত স্তদিদং বহুজনোদ্ধরণং যশ্চকারেতি ॥ ১১ ॥

নন্থ পাষণ্ডেত্যাদিনা দগ্ধাঃ কল্লইত্যাদিনা চ নানাকুমতগ্রস্তান্ যো ভক্তিভাজশ্চকারেত্যুক্তং। তান্ কিং নিজৈশ্বর্য্যশক্ত্যৈব তথা চকার কিংবা স্বপাণ্ডিত্যবলেনাপীতি পৃচ্ছায়াং তদ্বলেনাপীত্যাহ—ভিন্নাভির্মিথোঽন্যার্থাভিঃ শ্রুতিভিঃ।

সাগর উত্তীর্ণ হওয়া যায়—ইহাই বিচিত্র !! শ্রীমন্ মদনগোপাল গোবর্দ্ধন-পরিক্রমাকালে ইহাকে তিনবার আদেশ করেন 'তুমি উৎকলে গিয়া বহু বহু পতিত জীবের উদ্ধার কর।' এই আজ্ঞাবলে তিনি শ্রীবৃন্দাবন হইতে উৎকলে আসিয়া বহুমানবের ভব-পারের কর্ত্তা হইলেন ॥ ১১ ॥

পরস্পর বিভিন্নার্থক শ্রুতি-সমূহ, মনু-যাজ্ঞবল্ক্য প্রভৃতির ভিন্নার্থক স্মৃতি-সমূহ, ইতিহাস, পুরাণ এবং শিবাদি-প্রণীত আগমাদির পরস্পর বিরুদ্ধ

বাদোদর্ককুতর্ক-কর্কশধিয়ঃ সাংখ্যাতিসংখ্যোন্নতা
বেদান্তাধ্বনি পান্থতামুপগতা বৈশেষিকোদ্বক্রগাঃ।
মীমাংসা-প্রবলাশ্চ যে ব্যসনিনঃ পাতঞ্জলে তেঽভবন্
যস্যানুগ্রহলেশতোঽচ্যুতপরা স্তস্মৈ নমঃ কাঞ্চয়ে ॥ ১৩ ॥

তথা স্মৃতিভিশ্চ মনু-যাজ্ঞবল্ক্যাদিপ্রোক্তাভিঃ ভিন্নার্থাভিঃ। 'প্রভৃতি' শব্দাৎ-ইতিহাসৈশ্চ তাদৃশৈঃ। তথা পুরাণৈঃ আগমৈশ্চ শিবাদি-প্রণীতৈ র্যে মিথো বিরুদ্ধাঃ সিদ্ধান্তা স্তৈ র্ভ্রান্তাঃ পণ্ডিতা যস্য প্রসাদেন স্থিরা স্তত্তদ্বাক্যৈক-বাক্যতয়া যেন নির্ণীতে কৃষ্ণপারতম্যে দৃঢ়শ্রদ্ধাঃ সন্তঃ কৃষ্ণভক্তিরসিকাঃ স্যুস্তং দুরানন্দনমানতোঽস্মীত্যন্বয়ঃ। তস্য তথা নির্ণায়কত্বং দর্শয়িতুং বিশিনষ্টি —বেদার্থেতি। তৎসার স্তন্নিষ্কর্ষ স্তদাস্পদং তজ্জ্ঞমিত্যর্থঃ। তৎ কথং তত্রাহ —ত্রয়ীতি। ঋক্সামযজুংষি ত্রয়ী তয়া আ সমন্তাত্তাৎপর্য্যেণ গীতস্য কৃষ্ণস্য যে গুণাঃ সর্বেশ্বরত্ব-সর্বকারণত্বাদয় স্তানম্বুবদতীতি তম্। কর্মণ্যণ্, 'যোঽসৌ সর্বৈ র্বেদৈ র্গীয়ত' ইতি শ্রুতিঃ। 'বেদৈশ্চ সর্বৈরহমেব বেদ্যঃ' ইতি স্মৃতিশ্চ। স্ফুটমন্যৎ ॥ ১২ ॥

নম্বু তাদৃশশ্রুত্যাদি-কল্পিতৈঃ সিদ্ধান্তৈ র্ভ্রান্তাস্তে কে বভূবুরিত্যপেক্ষায়া-মাহ—বাদোদর্কেতি। বাদঃ কলহ এবোদর্কঃ উত্তরফলং যেষু তাদৃশৈঃ কুতর্কৈঃ কর্কশা নিষ্ঠুরা ধিয়ো যেষাং তে। তাদৃশা যে সাংখ্যাতিসংখ্যোন্নতাঃ

সিদ্ধান্তজালে ভ্রান্ত পণ্ডিতগণ যাঁহার অনুগ্রহে স্থির হইয়া কৃষ্ণ পারতম্যে দৃঢ় শ্রদ্ধাবান্ ও কৃষ্ণভক্তিরসিক হইয়াছেন—সেই দুরিকানন্দনের চরণে প্রণত হইতেছি। অহো! তিনি নিখিল বেদার্থবেত্তা এবং ঋগাদি বেদ-ত্রয়ে সম্যক্‌প্রকারে গীত শ্রীকৃষ্ণের সর্বেশ্বরত্ব, সর্ব্বকারণত্বাদি গুণরাজির অনু-কথনে নিরত। তিনি পরমানন্দময় এবং পরাৎপর অর্থাৎ সর্ব্বশ্রেষ্ঠ ॥ ১২ ॥

পরিণামে কলহমাত্রেই যাহার পর্য্যবসান, এবংবিধ কুতর্কে নিষ্ঠুরবুদ্ধি নিরীশ্বর-কপিলশাস্ত্রোত্থ প্রকৃতিপুরুষ-বিবেকাত্মক জ্ঞানে গর্ববান্‌গণ—নির্বিশেষ চিন্মাত্র অদ্বৈতবাদে নিষ্ঠাসম্পন্ন মায়াবাদিগণ—কণাদ-প্রণীত বৈশেষিক শাস্ত্র পাঠ করত তাহার ব্যুৎপত্তিতেই নির্ভর পূর্ব্বক বক্রগতিতে গমনকারিগণ,

বাণী যস্য বিনোদিনী সুবিদুষাং গোবিন্দ-বার্ত্তাঙ্কিতা
লীলা যস্য শুভঙ্করী ত্রিজগতঃ কৃষ্ণানুরাগপ্রদা।
হাসো যস্য মদান্ধকার-দলনো নানামদান্ধাত্মনাং
দৃষ্টি র্যস্য কৃপাবলোক-মধুরা তস্মৈ নমঃ কার্ষ্ণয়ে ॥ ১৪ ॥

নিরশ্বীর-কপিলশাস্ত্রজন্য প্রকৃতি-পুরুষবিবেক-জ্ঞানগর্বিণঃ। যে বেদান্তাধ্বনি নির্বিশেষচিন্মাত্রাদ্বৈতবাদে পান্থতাং তদ্গ্রাহিতামুপগতা মায়াবাদিনঃ। যে বৈশেষিকোদ্বক্রগাঃ কাণাদং শাস্ত্রমধীত্য তদ্ব্যুৎপত্তি-নির্ভরেণ বক্রয়া গত্যা চলন্তোঽন্যান্ কাংশ্চিদপ্যগণয়ন্ত ইত্যর্থঃ। যে মীমাংসা-প্রবলাঃ জৈমিনীয়াং দ্বাদশলক্ষণীং মীমাংসাং সভাষ্যামধীত্য প্রকৃষ্টপাণ্ডিত্যবলশালিনো ভাট্টা ইত্যর্থঃ। যে চ পাতঞ্জলে ব্যসনিনঃ পতঞ্জলিমহর্ষিপ্রণীতে যোগশাস্ত্রে ভক্তিমন্তো যোগিনঃ। তে সর্বে যস্যানুগ্রহ-লেশতোঽচ্যুতপরাঃ কৃষ্ণৈকনিষ্ঠা অভবন্, তস্মৈ কার্ষ্ণয়ে নমঃ। তথা চ স্বপাণ্ডিত্যেন তত্তন্মতানি নির্ধূয় যঃ কারুণিকস্তান্ হরিভক্তান্ কৃতবানিতি নিজৈশ্বর্য্যেণ পাণ্ডিত্যেন চাসমাভ্যধিকেন ভ্রাজমানঃ স নমস্য ইতি ॥ ১৩ ॥

এবং ভক্তিসম্পদং প্রভাব-সম্পদং পাণ্ডিত্য-সম্পদঞ্চাভিধায় ভক্তিসম্বলিতাং স্বাভাবিকীং চেষ্টামাহ—বাণী যস্যেতি দ্বাভ্যাং। বিনোদিনী হর্ষকরী। লীলা কৃষ্ণ-তদ্ভক্তপরিচর্য্যারূপা। হাসো যস্যেতি তন্মুখমণ্ডলস্য পূর্ণচন্দ্রত্বং ব্যজ্যতে। হাসস্য কৌমুদীত্বেনাধ্যবসায়াৎ। স্ফুটমন্যৎ ॥ ১৪ ॥

অর্থাৎ যাঁহারা অন্য কাহাকেও গণনা করে না—জৈমিনীপ্রোক্ত মীমাংসা-শাস্ত্র ভাষ্যসহিত পাঠ করিয়া মহাপাণ্ডিত্য-বলশালী ভাট্টগণ—এবং মহর্ষি পতঞ্জলি-প্রণীত যোগশাস্ত্রে ভক্তিমান্ যোগিগণও যাঁহার অনুগ্রহলেশেই শ্রীকৃষ্ণৈকনিষ্ঠ হইয়াছেন—সেই কৃষ্ণানন্দ-সুতকে বন্দনা করি ॥ ১৩ ॥

যাঁহার শ্রীগোবিন্দলীলা-সম্বলিত বাণী (ভাষা) মহাবিদ্বান্গণেরও হর্ষপ্রদ হইয়াছে—যাঁহার শ্রীকৃষ্ণ ও তদনুগ ভক্তগণের পরিচর্য্যারূপা লীলা ত্রিভুবনের কৃষ্ণানুরাগপ্রদ হইয়া মহাকল্যাণ-নিদান হইয়াছেন—যাঁহার মুখচন্দ্রের মৃদুমধুর হাস্যচ্ছটা বিবিধ মদান্ধ জনগণের মোহান্ধকার দূরীভূত করিয়াছে—

সৌশীল্যেন বিনোদয়ন্ সুজনতাং মানেন দুষ্টান্নয়ন্
কৈঙ্কর্য্যং পরিমোদয়ন্ কিল বলাৎ পাণ্ডিত্যসারৈর্ বুধান্।
বিশ্বং কৃষ্ণরসাবহেন বপুষা নিঃশেষমানন্দয়ন্
সাদ্‌গুণ্যাদ্ভুতবীর্য্যবান্ বিজয়তে কোঽপি প্রভূণাং প্রভুঃ ॥ ১৫ ॥
নেত্রানন্দ-কিশোর-হারি-মুরজিদ্দামোদর-শ্রীহরি-
শ্রীগোপী-বল-রত্ন-মাথুরমুখ-স্বগ্রাব-খণ্ডানি যঃ।

সৌশীল্যেনেতি। শীললক্ষণমুক্তং ভারতে—'অদ্রোহঃ সর্বভূতেষু কর্মণা মনসা গিরা। অনুগ্রহশ্চ দানঞ্চ শীলমেতৎ প্রচক্ষতে। যদন্যেষাং হিতং ন স্যাদাত্মনঃ কর্ম পৌরুষং। অপত্রপেত বা যেন ন তৎ কূর্য্যাং কথঞ্চন। তত্তু কর্ম তথা কূর্য্যাৎ যেন শ্লাঘ্যেত সংসদি। শীলং সমাসেনৈতত্তে কথিতং কুরুসত্তম ॥' ইতি। সুজনতাং সাধুজনসমূহং। 'গ্রামজনবন্ধুভ্যস্তল্ সমূহে' ৪ ২।৪৩। মানেন সংকারেণ দুষ্টান্ কৈঙ্কর্য্যং নয়ন্ কিঙ্করান্ কুর্বন্। বুধান্ বৈষ্ণবপণ্ডিতান্। সাদ্‌গুণ্যং সদ্‌গুণনিচয়ঃ। প্রভূণাং প্রভূঃ মহাপ্রভবিষ্ণুঃ। স্ফুটমন্যৎ ॥ ১৫ ॥

অথ সর্ববস্তুমোজাড্য-নাশকত্বাৎ সূর্যরূপকেণ তং বর্ণয়তি—নেত্রানন্দেতি। নেত্রানন্দশ্চ কিশোরশ্চ হারী বিহারী চ মুরজিদ্ রসিকমুরারিশ্চ দামোদরশ্চ

যাঁহার দৃষ্টি (নয়ন) কৃপাকটাক্ষবর্ষণ করিয়া করিয়া মধুর হইয়াছে সেই কৃষ্ণানন্দ-নন্দনকে প্রণাম করি ॥ ১৪ ॥

কায়মনোবাক্যে সর্বপ্রাণির প্রতি সুশীলতা (অদ্রোহ) দ্বারা সাধুগণের আনন্দবর্দ্ধন করিয়া—মান (সংকার) দ্বারা দুষ্টগণকে ভৃত্য করিয়া—মহা-পাণ্ডিত্যবলে বৈষ্ণব বিজ্ঞগণকে আনন্দসাগরে আপ্লুত করিয়া—এবং কৃষ্ণ-রসধারী দেহসৌন্দর্য্যে সমগ্র বিশ্ববাসিকে আমোদিত করিয়া—নিখিল-কল্যাণগুণরূপ অদ্ভুত বীর্য্যশালী মহাপ্রভাববান্ কোনও (অনির্বচনীয়) মহাশয় জয়যুক্ত হউন ॥ ১৫ ॥

সূর্য্য যেরূপ স্বয়ং উদিত হইয়া সূর্য্যকান্তমনিসমূহে নিজ কান্তিমালা বিকিরণ করত লোকের অন্ধকার ও জড়তা বিনাশ করেন, সেইপ্রকার

লোকেঽস্মিন্ প্রকটান্যমূনি কৃতবাং স্তেজোঙ্কিতান্যাত্মন-
স্তং কার্ষ্ণিং দ্যুমণিং ভজে ভব-মহাদুঃখান্ধকার-দ্বিষম্ ॥ ১৬ ॥
দৈন্যাড়ম্বর-সম্ভৃতেন্দ্র-বিভব-প্রৌদ্ধত্যলীলোৎসবঃ
সৈন্যাড়ম্বর-সংবৃতাতিবলবৎ পাষণ্ড-সেনোৎসবঃ ।

শ্রীহরিশ্চ গোপী তন্নামকশ্চ বলো বলভদ্রশ্চ রত্নানি চ সঙ্গীতসাহিত্যাদি-বিদ্যাসম্পন্না রত্নবৎ শোভাকরত্বাৎ নবরত্ন সংজ্ঞকাঃ। মাথুরশ্চানন্দানন্দ-সংজ্ঞকঃ। তন্মুখানি তদাদীনি স্বগ্রাব-খণ্ডানি সূর্যকান্তশকলানি অমূনি যোঽস্মিন্ লোকে প্রকটানি আত্মনস্তেজসাঙ্কিতানি চ কৃতবান্। তং কার্ষ্ণিদ্যুমণিং ভজে ইত্যন্বয়ঃ। রূপকেণ উপমা অত্র ব্যজ্যতে।

অর্থশক্ত্যুত্থধ্বনিরয়ম্। সূর্যো যথা স্বয়মুদিত্য সূর্যকান্তমণিষু স্বতেজো ন্যস্য লোকস্য তিমিরং জাড্যং চাপনয়তি, তথা যঃ স্বয়মাবির্ভূয় স্বশিষ্যেষু স্বশক্তিং ন্যস্য লোকাস্যাজ্ঞানং ধীজাড্যং চাপহরতীতি ভাবঃ। অত্রৈতদ্ ব্যঙ্গ্যস্য ভবমহেত্যাদি বাচ্যসিদ্ধ্যঙ্গত্বাদ্ গুণীভূতব্যঙ্গ্যং চেদং কাব্যম্। তেন ধ্বনি-গুণীভূত-ব্যঙ্গ্যয়োঃ সঙ্করোঽয়ম্। কিঞ্চ নেত্রানন্দাদিষ্বস্মাসু* যঃ প্রভাবঃ, স তু কার্ষ্ণিহেতুক ইতি চাত্র ব্যজ্যতে ॥ ১৬ ॥ *'অস্মাসু' পাঠঃ সর্বত্র।

সর্বপ্রকারেণ লোকহিতকরোঽয়মিত্যাহ— দৈন্যেতি। দৈন্যং নীচত্বানুসন্ধানং তস্যাড়ম্বরেণ সমারম্ভেণ লোকেশ্বরা অপি বিধিরুদ্রাদয়ো দেবাঃ সর্বজ্ঞাঃ

ইনিও জগতে আবির্ভূত হইয়া নেত্রানন্দ, কিশোর, বিহারী, রসিকমুরারি, দামোদর, শ্রীহরি, গোপী, বলভদ্র এবং আনন্দানন্দ-নামক মাথুর—এই নয়জন শিষ্যরূপ সঙ্গীত-সাহিত্যাদি-বিদ্যাশীল ও রত্নবৎ শোভানিধান বলিয়া নবরত্ন (সূর্য্যকান্তমণি) সমূহকে জগতে প্রকট করিয়া নিজ তেজে (শক্তি-সমর্পণে) উদ্ভাস্বর করিয়াছেন এবং জগদ্বাসির বুদ্ধিমান্দ্য প্রভৃতি নাশ করিয়াছেন—সেই ভবমহাদুঃখ-জড়তানাশন কৃষ্ণানন্দ-তনয়-রূপ সূর্য্যকেই ভজন করি ॥ ১৬ ॥

"লোকেশ্বরগণ, বিধিরুদ্রাদি সর্বজ্ঞ সর্বসমৃদ্ধিযুক্ত দেবগণও নিরভিমান হইয়া সর্বেশ্বর শ্রীকৃষ্ণের দাসত্ব বরণ করেন, আর আমরা ক্ষুদ্র মনুষ্যজাতি

বাঙ্ মাধুর্যবিশীর্ণদাম্ভিক-কুলোন্মুখ্য-প্রভাবোৎসবঃ
কোঽপি প্রেম-ধুরন্ধরোঽস্তু জগদানন্দায় কার্ষ্ণোৎসবঃ ॥ ১৭ ॥

সর্বসম্পন্নিষেবিতা অপি নিরভিমানাঃ সন্তঃ সর্বেশ্বরং শ্রীপতিং কৃষ্ণং কৈঙ্ক-র্যেণানুকূলয়ন্তি, কিমস্মাকং মনুষ্যাণাং মৃত্যুগ্রস্তানাং বিদ্যাভিজনধনাদি-নিমিত্তৈঃ আগন্তুকৈঃ অভিমানৈরিত্যেবংলক্ষণেন সন্নতঃ তুচ্ছতাং নীত ইন্দ্রবিভব-প্রৌদ্ধত্যানাং মহাসম্পদত্যুগ্রানাং পাণ্ডিত্যাদি-গর্ববতাং কুলীনানাং রাজ্ঞাং লীলোৎসবোঽভিমান-বিলাসাতিশয়ো যেন সঃ। মহাপ্রভাবস্য যস্য দৈন্যং নিশম্য তাদৃশাস্তে নৃপা নিরভিমানাঃ সন্তো হরিভক্তা বভূবুরিতি ভাবঃ। সৈন্যং স্বগোষ্ঠীবৃন্দং তস্য গজেন্দ্র-সংঘস্যাড়ম্বরেণ পাণ্ডিত্য-প্রাগল্ভ্যরূপেণ গর্জিতেন সংবৃতোঽভিভূতোঽতিবলবতীনাং পাষণ্ড-সেনানামুৎসবঃ পাষণ্ডধর্ম-সংপ্রচার-লক্ষণো যেন সঃ। 'আড়ম্বরঃ সমারম্ভে গজগর্জিত-তূর্যয়ো'রিতি বিশ্বঃ। যচ্ছিষ্যৈঃ নির্জিতাঃ তে মীমাংসামণ্ডনাদয়ঃ পণ্ডিতা নিরীশ্বরাঃ কর্ম-নিষ্ঠাং বিহায় হরিভক্তা বভূবুরিতি ভাবঃ। বাঙ্ মাধুর্য্যোপদেশবাক্য-মধুরিম্না বিশীর্ণো বিগলিতো দাম্ভিক-কুলানাং কপটিনিচয়ানাম্ ঔন্মুখ্যপ্রভা-বোৎসব উচ্চমুখতয়ালাপ-প্রাগল্ভ্যাতিশয়ো যেন সঃ। ঈদৃশঃ কার্ষ্ণোৎসবঃ কোঽপি জগদানন্দায় ভূয়াৎ। কার্ষ্ণঃ কৃষ্ণসম্বন্ধী উৎসবো যস্মাৎ স শ্যামানন্দঃ ॥ ১৭ ॥

মৃত্যুগ্রস্ত মানবগণের বিদ্যা, কুল, ধনাদি হেতু আগন্তুক অভিমানে ফল কি? এই প্রকার দীনতার উদ্যমে যিনি পাণ্ডিত্য প্রভৃতি দ্বারা গর্বিত কুলীন-গণের অভিমানের অত্যধিক আড়ম্বরকে তুচ্ছীকৃত করিয়াছেন, যিনি স্বগোষ্ঠী-বৃন্দের পাণ্ডিত্য প্রতিভার প্রকাশরূপ গর্জ্জন দ্বারা অতিবলবান্ পাষণ্ডগণের পাষণ্ডধর্মপ্রচাররূপ উৎসবকে অভিভূত করিয়াছেন, যিনি উপদেশ-বাক্যের মধুরিমা দ্বারা দাম্ভিক সমূহের উচ্চবদনে আলাপের গর্বাতিশয় বিনাশ করিয়াছেন, সেই প্রেমধুরন্ধর কৃষ্ণসম্বন্ধীয় উৎসব স্বরূপ শ্রীশ্যামানন্দ জগতের আনন্দ বিধান করুন ॥ ১৭ ॥

উদ্ধর্ম্মাসুরশেখরানতিবলান্মান্দ্যং নয়ংস্তেজসা
স্বপ্রাণেশ-যশোঽমৃতৈঃ কলিতপঃক্লিষ্টং জগৎ প্লাবয়ন্।
বিদ্বন্মন্যমদাচলং বিমল-চিদ্দম্ভোলিনা দারয়ন্
জীয়াৎ কাঞ্চি-পুরন্দরো ভুবি সদা কার্ষ্ণাদিতেয়াগ্রণীঃ ॥ ১৮ ॥

আশ্লেষাৎ কলিঘোর-দুঃখদহনজ্বালোপতপ্তাশয়া
মগ্না যস্য কৃপাকুলাদ্ ব্রজবধূ-প্রাণেশ-লীলারসে।
তং বন্দে করুণাম্বুরাশিমধিকপ্রীতি-প্রসন্নাননং
প্রেমানুগ্রহ-বিগ্রহং গুরুভবোত্তাপাবলী-নিগ্রহম্ ॥ ১৯ ॥

অথ দুষ্টনিগ্রাহিত্বাদ্ ভক্তিরসবর্ষিত্বাৎ সদ্‌বর্গমুখ্যত্বাচ্চ তমিন্দ্ররূপকেণ বর্ণয়তি—উদিতি। কাঞ্চিপুরন্দরঃ শ্যামানন্দ-মঘবা সদা জীয়াৎ; কিং কুর্বন্নিত্যাহ—উদ্ধর্মেতি। উদ্ধর্মা বৈদিকধর্মশূন্যা যে বৌদ্ধজৈনাদয়ঃ তে এবাসুরশেখরা দৈত্যবর্য্যাঃ তানতিবলান্ স্বযুক্তি-শস্ত্রবলিষ্ঠান্ তেজসাঽবাধিতযুক্তি-প্রভাবেণ মান্দ্যং প্রক্ষীণযুক্তি-শস্ত্রতাং নয়ন্। 'তেজঃ প্রভাবে দীপ্তৌ চেতি' নানার্থবর্গঃ। কলিতপঃক্লিষ্টং কলিযুগরবিসন্তাপতপ্তং জগৎ স্বপ্রাণেশস্য শ্রীপতেঃ কৃষ্ণস্য যশাংসি সাদ্‌গুণ্যখ্যাতয় এবামৃতানি জলানি পীযুষাণি বা তৈঃ প্লাবয়ন্নিমজ্জয়ন্। বিদ্বন্মন্যানাং পণ্ডিতমানিনাং তার্কিকাদীনাং যো মদঃ পাণ্ডিত্যগর্বঃ স এবাচলো গিরিস্তং বিমলচিদ্দম্ভোলিনা ভগবত্তত্ত্বাববোধরূপেণ বজ্রেণ দারয়ন্ বিদীর্ণং কুর্বন্। কীদৃশ ইত্যাহ—কার্ষ্ণেতি। কৃষ্ণভক্তদেবমুখ্য ইত্যর্থঃ। অত্র সমস্তবস্তুবিষয়েণ রূপকেণোপমা ব্যজ্যতে ॥ ১৮ ॥

অথাস্যাতিকৃপালুতাং বর্ণয়তি আশ্লেষাদিতি। কলিঘোরদুঃখদহনজ্বালোপতপ্তাশয়াঃ প্রাণিনঃ যস্য দয়াকুলাৎ কৃপার্দ্রাদাশ্লেষ দালিঙ্গনাদ্ধেতোঃ ব্রজ-

---

স্ব স্ব যুক্তিশাস্ত্রের প্রয়োগে বলিষ্ঠ অবৈদিক বৌদ্ধজৈনাদি অসুরশ্রেষ্ঠগণকে অবাধিত যুক্তির প্রভাবে ক্ষীণ করিয়া, নিজ প্রাণেশ্বর শ্রীকৃষ্ণের কীর্ত্তি-সুধা দ্বারা কলিতাপক্লিষ্ট জগৎকে প্লাবিত করিয়া, পণ্ডিতাভিমানী জনবর্গের গর্বপর্বত নির্ম্মল ভগবৎতত্ত্বের জ্ঞানরূপ বজ্র দ্বারা বিদীর্ণ করিয়া কৃষ্ণভক্ত-দেবরাজ (শ্রীশ্যামানন্দ প্রভু) সতত পৃথিবীতে জয়যুক্ত হউন ॥ ১৮ ॥

কলির ঘোরক্লেশরূপ অগ্নিশিখায় দগ্ধচিত্ত ব্যক্তিগণ যাঁহার কৃপাময়

দুষ্টা ব্যাধ-পুলিন্দ-হূণ-যবনাঃ শুম্ভাঃ খসাঃ পুক্কশা
যে চান্যেঽশুভবৃত্তয়ঃ সুপতিতাঃ ক্রূরান্ত্যজা দুর্হৃদঃ
যল্লীলা-শ্রবণামৃতস্বদনতস্ত্যক্ত-স্বভাবা বভুঃ
প্রেমানন্দরসোজ্জ্বলা স্তমধমোদ্ধারাবতারং ভজে ॥ ২০

৩। অথ ত্রৈলোক্য শোভানিধিঃ—
যৎপাদাব্জ-পরাগ রাগি হৃদয়া স্তীব্রানুরাগা জনাঃ
শ্রীকৃষ্ণ-প্রতিমূর্ত্তিশেষনিলয়াঃ ক্ষ্মামণ্ডলে সর্বতঃ।

বধূপ্রাণেশস্য কৃষ্ণস্য লীলারসে মগ্না বভূবু স্তমহং বন্দে ইত্যন্বয়ঃ। কলি-কৃতং যদ্ ঘোরং দুঃখং স এব দহনো বহ্নি স্তস্য জ্বালাভিস্তদ্দুঃখদুঃসহতা-রূপাভিরুপতপ্তা দগ্ধা আশয়াশ্চিত্তানি যেষাং ত ইত্যর্থঃ। তং কীদৃশমি-ত্যাহ—করুণেতি। কৃপাসাগরমিত্যর্থঃ। অধিকপ্রীতিঃ কৃষ্ণানুরাগস্তেন প্রসন্নং প্রফুল্লমাননং যস্য তং। প্রেমানুগ্রহকারী বিগ্রহো যস্য তং—মধ্যম-পদলোপী সমাসঃ। যদ্বিগ্রহসেবয়া প্রেমা লভ্যত ইত্যর্থঃ। গুর্বীং ভবো-ত্তাপাবলীং নিগৃহ্লাতীতি তন্॥ অনেকপদগত-কাব্যলিঙ্গমলঙ্কারঃ॥ ১৯॥

অথাস্য নীচোদ্ধারকতাং বর্ণয়তি—দুষ্টা ইতি দুষ্টাঃ ক্রোধকামাদ্যাক্রান্তাঃ। ব্যাধাঃ প্রসিদ্ধাঃ, পুলিন্দাদয়ো নীচজাতিভেদাঃ। অশুভবৃত্তয়োঽতিনিন্দ্য-চেষ্টিতাঃ। স্ফুটমন্যৎ। দূরাদেব যং বীক্ষ্য যচ্চরিতং শ্রুত্বা চ ব্যাধাদয়ো-ঽতিপাপিনঃ কৃতার্থাঃ তস্য হরেরিবাতিশয়ী মহিমেতি নিত্যসিদ্ধতৎপার্ষদত্বং ব্যজ্যতে॥ ২০॥

শ্রীচরণকমলের আলিঙ্গন হেতু গোপীপ্রাণেশ্বর শ্রীকৃষ্ণের লীলানন্দরসে মগ্ন হইয়াছেন, সেই দয়াসমুদ্র, কৃষ্ণে অত্যধিক অনুরাগে প্রসন্নবদন, প্রেম-প্রসাদবপু, অতিগুরু সংসারতাপ সমূহের নিগ্রহকারী প্রভুকে বন্দনা করি ॥১৯॥

দুর্ব্বৃত্ত ব্যাধ, পুলিন্দ, হূণ, যবন, শুম্ভ, খস, পুক্কশ এবং অন্যান্য অশুভবৃত্তি পতিত, ক্রূর, অন্ত্যজ, দুষ্টচিত্ত জনগণ যদীয় লীলাশ্রবণরূপ অমৃতের আস্বাদনহেতু স্বীয় স্বীয় স্বভাব পরিত্যাগ পূর্ব্বক প্রেমানন্দরসে উজ্জ্বল হইয়া শোভা পাইতেছিলেন, সেই অধমগণের উদ্ধারার্থ পৃথিবীতে

আসন্ কীর্ত্তন-নর্ত্তনাদি-রসিকাঃ সপ্রেম-সেবাপরা-
স্তং গোপীশ-নিতান্তভক্তিসুখদং কার্ষ্ণিং ভজেহন্তর্হৃদি ॥ ২১ ॥

যল্লীলা-রসসাগরোত্থ-মধুভিদ্বার্ত্তা-নবীনামৃতং
তন্মাধুর্য্যকলা-প্রসঙ্গ-বলিতোৎকণ্ঠাতিরাগাকুলাঃ ।

অথাস্য ভগবৎসেবা-সংপ্রচারকতাং বর্ণয়তি—যৎপাদেতি। সর্বত ক্ষ্মামণ্ডলে কৃৎস্নভূবলয়ে জনা ব্রাহ্মণ-ক্ষত্রিয়াদয়ো যৎপাদাব্জ পরাগরাগিহৃদয়া যচ্চরণরজোনুরক্তমনসঃ শ্রীকৃষ্ণপ্রতিমূর্ত্তি শেষনিলয়াঃ সন্তঃ কীর্ত্তনাদিরসিকাঃ সপ্রেমসেবাপরাশ্চাসন্—তমহং বন্দে ইত্যন্বয়ঃ। শ্রীকৃষ্ণপ্রতিমূর্ত্তিঃ তদ্বিগ্রহঃ তচ্ছেষাঃ তদ্বিশেষণভূতাস্তন্নিযুক্তা ইতি যাবৎ, নিলয়া গৃহাণি যেষাং তে তথেত্যর্থঃ ॥ ২১ ॥

যস্য স্বাভাবিকং চরিতং বিচিত্রভগবদ্ভক্তিরসভাবিতং মুক্তাদয়োহপ্যতিরুচ্যা নিষেবন্ত ইত্যাহ—যল্লীলেতি। মুক্তাদয়োহপি যল্লীলারসসাগরোত্থ-মধুভিদ্বার্ত্তা-নবীনামৃতং পাতুমিচ্ছন্তি তস্মৈ কার্ষ্ণয়ে নম ইত্যন্বয়ঃ। যস্য কার্ষ্ণেঃ লীলা গো-বিপ্র-বৈষ্ণব-পরিচর্য্যা-লক্ষণা স এব রসসাগরঃ মরীচ-কর্পূরসংস্কৃতঃ সিতাপানকসমুদ্র স্তস্মাদুত্থা যা মধুভিদ্বার্ত্তা মধুসূদন-কথা তদ্রূপং যন্নবীনমমৃতং তদিত্যর্থঃ। মুক্তা জীবন্মুক্তাঃ মুক্তিমেব সংসারচ্ছেদ-লক্ষণং পুরুষার্থং মন্যানাঃ তাপসাঃ শান্তাঃ। মুমুক্ষবঃ তচ্ছিষ্যাঃ তৎসমান-

---

অবতীর্ণ কৃষ্ণজনকে ভজনা করি ॥ ২০ ॥

৩। ত্রৈলোক্য শোভানিধি—

যাঁহার পাদপদ্মের পরাগে অনুরক্তহৃদয় জনগণ তীব্র আসক্তি প্রাপ্ত হইয়া শ্রীকৃষ্ণপ্রতিমূর্ত্তিকে একান্ত আশ্রয় পূর্বক ভূমণ্ডলে সর্বস্থানে প্রেম-সেবায় নিমগ্ন থাকিয়া কীর্ত্তন ও নৃত্যপ্রভৃতি বিষয়ে রসিক হইয়াছেন, সেই গোপীবল্লভের একান্ত প্রেমদাতা কৃষ্ণজনকে হৃদয়াভ্যন্তরে ভজনা করি ॥ ২১ ॥

মধুরিপুর মাধুর্য্যবৈদগ্ধীর প্রসঙ্গে ও অতিরাগে অনুরক্ত মুক্ত, মোক্ষাভি-লাষী ও সঙ্গীতাদিতে সতৃষ্ণ বিষয়িগণ নিজ গৃহ বৈভবাদি পরিহার পূর্বক

পাতুং মুক্ত-মুমুক্ষবো বিষয়িণশ্চেচ্ছন্তি তৃষ্ণোদ্ধতা
স্ত্যক্ত-স্বস্থিতিবৈভবা রসবতে তস্মৈ নমঃ কার্ষ্ণয়ে ॥ ২২ ॥
প্রেমোল্লাসঘনং রসোন্নতিঘনং লাবণ্যলক্ষ্মীঘনং
সন্মাধুর্য্যঘনং কলাবলিঘনং তেজোঘনং শ্রীঘনম্।
ধৈর্য্যৈশ্বর্য্যঘনং কৃপাভরঘনং শোভাঘনং হ্রীঘনং
বন্দে দৌরমহোঘনং সুখঘনং লীলাঘনং চিদ্ঘনম্ ॥ ২৩ ॥

